

সেরেব্রাল পালসি কী?

আপনি একটি সেরেব্রাল পালসি রেজিস্টার/নিবন্ধনে যোগদান করে সেরেব্রাল পালসি সম্পর্কিত আমাদের জ্ঞান ও গবেষণার উন্নতি সাধন করতে পারেন। সেরেব্রাল পালসি সম্পর্কিত আরো তথ্য জানতে worldcpday.org এই ঠিকানায় যোগাযোগ করুন।


সেরেব্রাল পালসি একটি শারীরিক প্রতিবন্ধিতা যা চলাফেরা ও চালচলনের উপর প্রভাব ফেলে।

শৈশবকালীন শারীরিক প্রতিবন্ধিতাগুলোর মধ্যে এটি সবচেয়ে বেশী দেখা যায়।

পৃথিবীব্যাপী
১.৭ কোটি
মানুষ সেরেব্রাল
পালসিতে আক্রান্ত

শরীরের অঙ্গ সঞ্চালন/নড়াচড়ার ধরণ

স্পাস্টিক/পেশী শক্ত হয়ে যাওয়া: ৮০-৯০%। এ অবস্থাটি সবচেয়ে বেশী দেখা যায়। মাংসপেশী শক্ত ও অনমনীয় অবস্থায় থাকে। মোটর কন্ট্রোল ক্ষতি থেকে এ সমস্যার সৃষ্টি হয়।



ডিসকোইনেটিক/নিয়ন্ত্রণহীন নড়াচড়া: ৬%। অনৈচ্ছিক সঞ্চালন যেমন ডিসটোনিয়া, এথোটোসিস এবং/বা করিয়া এটির বৈশিষ্ট্য। ব্যাসাল গ্যাংলিয়ার ক্ষতি থেকে এ সমস্যার সৃষ্টি হয়।

মিশ্র ধরণ: সেরেব্রাল পালসি আক্রান্ত কিছু শিশুদের অঙ্গ সঞ্চালন/নড়াচড়া দুই ধরণের থাকবে। যেমন: স্পাস্টিকিটি/ধীর গতির বা অস্বাভাবিক নড়াচড়া এবং ডিসটোনিয়া/নিয়ন্ত্রণহীন নড়াচড়া।


অ্যাটাক্সিক/দুর্বল ভারসাম্য: এর বৈশিষ্ট্য হলো নড়াচড়া চলাফেরা। এই শারীরিক প্রতিবন্ধিতা, ভারসাম্য ও কোন জায়গার অবস্থান নির্ণয় করার বোধশক্তির উপর প্রভাব ফেলে। সেরেব্রাল পালসি থেকে এ সমস্যার সৃষ্টি হয়।

শরীরের অঙ্গ সমূহ

সেরেব্রাল পালসি শরীরের বিভিন্ন অঙ্গের উপর প্রভাব ফেলে। যেমন,

স্পাস্টিক কোম্বাড্রিগেজিয়া (পেশী শক্ত ও শরীরের চারটি অঙ্গই আক্রান্ত)/দ্বিপার্শ্বিক


অঙ্গ-প্রত্যঙ্গ সমূহ আক্রান্ত হওয়া



উভয় হাত এবং পা আক্রান্ত হয়। কাঁধ, চেহারা এবং মুখের মাংসপেশীও প্রায়ই আক্রান্ত হয়।

স্পাস্টিক ডাইপ্লিজিয়া (পেশী শক্ত ও শরীরের দুই পাশ আক্রান্ত)/দ্বিপার্শ্বিক


অঙ্গ-প্রত্যঙ্গ সমূহ আক্রান্ত হওয়া



উভয় পা আক্রান্ত হয়। বাহ দুইটি কম মাত্রায় আক্রান্ত হতে পারে।

স্পাস্টিক হেমিপ্লিজিয়া (পেশী শক্ত ও শরীরের একপাশ আক্রান্ত)/একপার্শ্বিক


অঙ্গ-প্রত্যঙ্গ সমূহ আক্রান্ত হওয়া



শরীরের একপাশ (একটি বাহ এবং একটি পা) আক্রান্ত হয়।

গ্রস মোটর স্কিল বা স্থূল অঙ্গ সঞ্চালন/নড়াচড়ার দক্ষতা

সেরেব্রাল পালসি আক্রান্ত শিশু এবং তরুণদের গ্রস মোটর স্কিল বা স্থূল অঙ্গ সঞ্চালন/নড়াচড়ার দক্ষতাকে (যেমন, বসা এবং হাঁটা চলা) কানাডার CanChild কর্তৃক প্রণীত গ্রস মোটর ফাংশন ক্লাসিফিকেশন মানক(জিএমএফসিএস) দ্বারা ৫টি ভিন্ন ধাপে ভাগ করা যায়।



জিএমএফসিএস লেভেল ১

জিএমএফসিএস লেভেল ২

জিএমএফসিএস লেভেল ৩

জিএমএফসিএস লেভেল ৪

জিএমএফসিএস লেভেল ৫

জিএমএফসিএস বর্ণনা ৬-১২: © Bill Reid, Kate Willoughby, Adrienne Harvey and Kerr Graham, রয়্যাল চিলড্রেন হসপিটাল, মেলবর্ন।

ম্যানুয়াল এবিলিটি বা হাতের কাজ

কমপক্ষে দুই-তৃতীয়াংশ সেরেব্রাল পালসি আক্রান্ত শিশুর নড়াচড়াতে অসুবিধা থাকবে যা একটি বা উভয় বাহকে প্রভাবিত করে। দৈনন্দিন প্রায় প্রতিটি কার্যকলাপ প্রভাবিত হতে পারে।



খাওয়া

পোশাক পরা

লেখা

বল ধরা

আনুষঙ্গিক সমস্যা

সেরেব্রাল পালসি আক্রান্ত শিশুদের বিভিন্ন ধরণের শারীরিক ও বুদ্ধিবৃত্তিক সমস্যা থাকতে পারে।

প্রতি ৩জনে ১জন



হাঁটতে পারে না

প্রতি ৪জনে ১জন



কথা বলতে পারে না

প্রতি ৪জনে ৩জন



ব্যথা অনুভব করে

প্রতি ৪জনে ১জনের



খিঁচুনি আছে

প্রতি ৪জনে ১জনের



আচরণগত সমস্যা আছে

প্রতি ২জনে ১জনের



বুদ্ধিগত সমস্যা আছে

প্রতি ১০জনে ১জনের



মারাত্মক দৃষ্টি সমস্যা আছে

প্রতি ৪জনে ১জনের



মুত্রাশয় নিয়ন্ত্রণ সমস্যা আছে

প্রতি ৫জনে ১জনের



ঘুমের সমস্যা আছে

প্রতি ৫জনে ১জনের



লালা নিয়ন্ত্রণে সমস্যা আছে

বিশ্ব সেরেব্রাল পালসি দিবস worldcpday.org

সার্বিক সহায়তায় *The Allergan Foundation*



তথ্যসূত্র: Novak I, Hines M, Goldsmith S, Barclay R (2012). Clinical prognostic messages from a systematic review on cerebral palsy. *Pediatrics*. Nov 2012;130 (5). Palisano R, Rosenbaum P, Walter S, Russell D, Wood E & Galuppi B (1997). Development and validation of a Gross Motor Function Classification System for children with Cerebral Palsy. *Developmental Medicine and Child Neurology*, 39, 214-223. CanChild Centre for Childhood Disability Research www.canchild.ca. Australian Cerebral Palsy Register, Birth Years 1993-2009, September 2016.